রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর, ও. নং ৫৭/আইন/আয়কর/২০২০।—যেহেতু Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধীন আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও নেপাল সরকার এর মধ্যে ৫ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ), অতঃপর উক্ত চুক্তি বলিয়া উল্লিখিত, স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত চুক্তির বিধানাবলি বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু Income Tax Ordinance, 1984 এর Section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা বিধান করিল যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত চুক্তির (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) বিধানাবলি ১ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ হইতে বাংলাদেশে কার্যকর হইবে, যথা :—

মূল্য : টাকা ৪৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

তফসিল
চুক্তি
(বাংলা পাঠ)

নেপাল সরকার
এবং
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এর মধ্যে
আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য চুক্তি

নেপাল সরকার এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে;

নিম্নরূপ চুক্তিতে সম্মত হইল :

অনুচ্ছেদ ১
আওতাভুক্ত ব্যক্তিবর্গ

এই চুক্তি, চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২
আওতাভুক্ত করসমূহ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র কর্তৃক আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যেভাবেই ধার্যকৃত হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। এই চুক্তির আওতায় আয়কর বলিতে মোট আয়ের উপর অথবা আয়ের উপাদানের উপর ধার্যকৃত সকল করকে বুঝাইবে, যাহার মধ্যে স্থাবর অথবা অস্থাবর সম্পদ হস্তান্তর হইতে প্রাপ্ত মুনাফার উপর করও অন্তর্ভুক্ত হইবে।

৩। এই চুক্তি বিদ্যমান যে সকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে সেইগুলি নিম্নরূপ :

(ক) নেপালের ক্ষেত্রে, আয়কর আইন,২০৫৮(২০০২) এর আওতায় আরোপিত আয়কর,

(অতঃপর “নেপাল কর” বলিয়া উল্লিখিত);

(খ) বাংলাদেশের ক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় আরোপিত আয়কর।

(অতঃপর ‘‘বাংলাদেশ কর’’ বলিয়া উল্লিখিত)।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। চুক্তি স্বাক্ষরিত হইবার পর এই চুক্তির বিধানাবলি উপ-অনুচ্ছেদ ৩ এ বর্ণিত বিদ্যমান করসমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলতঃ একই ধরনের করসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ তাঁহাদের নিজ নিজ কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবেন।

অনুচ্ছেদ ৩
সাধারণ সংজ্ঞাসমূহ

১। প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে :

(ক) (১) **"নেপাল"** বলিতে নেপালের ভৌগলিক এলাকাকে বুঝাইবে;

(২) **"বাংলাদেশ"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানা এবং ইহার অন্তর্ভুক্ত সমুদ্রসীমা ও উপরিভাগের আকাশসীমা এবং যে কোন জলসীমা অঞ্চল যাহার উপর সমুদ্র আইন সম্পর্কিত জাতিসংঘ কনভেনশনসহ আন্তর্জাতিক আইন এবং বাংলাদেশের আইনানুসারে সার্বভৌম ক্ষমতা, অন্যান্য অধিকার ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার প্রয়োগ করা যায় ;

(খ) **"চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র"** এবং **"চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র"** বলিতে, প্রসংগ অনুযায়ী, নেপাল অথবা বাংলাদেশকে বুঝাইবে;

(গ) **"কর"** বলিতে অনুচ্ছেদ ২ এ বর্ণিত করকে বুঝাইবে;

(ঘ) **"ব্যক্তি"** এর মধ্যে কোন একক ব্যক্তি, কোম্পানি এবং যে কোন ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) **"কোম্পানি"** বলিতে করারোপণের উদ্দেশ্যে কোন সংবিধিবদ্ধ সংস্থা অথবা সংবিধিবদ্ধ সংস্থারূপে গণ্য অন্যান্য আইনানুগ সত্তাকে বুঝাইবে;

(চ) **"চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগ"** এবং "**চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ**" বলিতে যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগকে বুঝাইবে;

(ছ) **"আন্তর্জাতিক পরিবহণ ব্যবস্থা"** বলিতে চুক্তি সম্পাদনকারী দেশে অবস্থিত কার্যকর ব্যবস্থাপনা সম্বলিত কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন নৌ-পরিবহণ অথবা বিমান পরিবহণ বুঝাইবে; তবে কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে সীমাবদ্ধ নৌ-পরিবহণ অথবা বিমান পরিবহণ পরিচালনাকে বুঝাইবে না;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(জ) **"নাগরিক"**অর্থ :

(১) চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রের নাগরিকত্বধারী যে কোন ব্যক্তি;

(২) চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রে বলবৎ আইন বলে অর্জিত মর্যাদাসম্পন্ন যে কোন আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব ও সংঘ;

(ঝ) **"উপযুক্ত কর্তৃপক্ষ"** এর অর্থ :

(১) নেপালের ক্ষেত্রে, অর্থমন্ত্রী অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

(২) বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

২। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নতর না হইলে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তির বিধানাবলি কার্যকর করার ক্ষেত্রে এই চুক্তিতে সংজ্ঞায়িত করা হয় নাই এইরূপ কোন কিছুর অর্থ নির্ধারণের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী ঐ দেশে যে সকল করের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য সেই সকল আইনে উক্ত বিষয়ে প্রদত্ত অর্থকে গ্রহণ করিতে হইবে।

অনুচ্ছেদ ৪
নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী" বলিতে এইরূপ কোন ব্যক্তি বুঝাইবে যিনি সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহার আবাসভূমি, বাসস্থান, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতির কারণে উক্ত রাষ্ট্র বা উহার ভৌগলিক বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের দ্বারা করারোপণযোগ্য। তবে এই বিধানের মধ্যে কোন ব্যক্তি যিনি শুধুমাত্র সেই রাষ্ট্রের উৎসসমূহ হইতে আয়ের উপর সেই রাষ্ট্রে করযোগ্য তিনি অন্তর্ভুক্ত হইবেন না।

২। যেইক্ষেত্রে দফা ১ এর বিধানাবলির কারণে একক কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হইলে নিম্নবর্ণিতভাবে তাহার মর্যাদা নির্ধারিত হইবে :

(ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজের স্থায়ী বাড়ি রহিয়াছে তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন; যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাঁহার স্থায়ী বাড়ি থাকে তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাঁহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে তাহা নির্ণয় করিতে না পারা গেলে, অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাঁহার নিজের কোন স্থায়ী বাড়ি না থাকিলে তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করেন, অথবা উহাদের কোনটিতেই যদি তিনি বসবাস না করেন, তাহা হইলে তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক কেবলমাত্র সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(ঘ) যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেরই তিনি নাগরিক হন, অথবা কোনটিরই না হন, সেইক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে বিষয়টি মীমাংসা করিবেন।

৩। যেইক্ষেত্রে দফা ১ এর বিধানাবলির কারণে, একক ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ ৫
স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ''স্থায়ী প্রতিষ্ঠান'' বলিতে ব্যবসার সেইরূপ নির্দিষ্ট স্থানকে বুঝাইবে যে স্থানে উক্ত উদ্যোগের ব্যবসা সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। নিম্নলিখিতগুলি বিশেষভাবে ''স্থায়ী প্রতিষ্ঠান'' এর অন্তর্ভুক্ত হইবে :

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা;

(গ) অফিস;

(ঘ) কারখানা;

(ঙ) কর্ম-শিবির;

(চ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, ভূগর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য অন্য কোন স্থান;

(ছ) পণ্যাগার;

(জ) খামার অথবা চাষাবাদের বাগান।

৩। "স্থায়ী প্রতিষ্ঠান" একইভাবে নিম্নলিখিতগুলিকে অন্তর্ভুক্ত করিবে :

(ক) অট্টালিকা নির্মাণ স্থান, নির্মাণ, স্থাপন বা সংযোজন প্রকল্প অথবা প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান বা উন্নয়নে কাজে ব্যবহৃত ড্রিলিং রিগ ও জাহাজ ও এর সাথে সম্পৃক্ত তদারকি কার্যক্রম যাহা উক্ত রাষ্ট্রে ১৮৩ দিনের অধিককাল অব্যাহত থাকে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) কোন উদ্যোক্তা সেবা প্রদানের উদ্দেশ্যে তাহার উদ্যোগের মাধ্যমে নিয়োজিত কর্মচারী বা তৎকর্তৃক নিয়োগকৃত অন্যান্য ব্যক্তির মাধ্যমে পরামর্শক সেবাসহ অন্যান্য সেবা প্রদান, তবে যদি উক্ত প্রকারের কার্যক্রম (একই বা সংযুক্ত প্রকল্পের ক্ষেত্রে) চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে কোন ১২ (বার) মাসের মধ্যে একাধারে অথবা সামষ্টিকভাবে ১৮৩ দিনের অধিককাল অব্যাহত থাকে।

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলি সত্ত্বেও নিম্নবর্ণিত বিষয়সমূহ ''স্থায়ী প্রতিষ্ঠান'' এর অন্তর্ভুক্ত হইবে না :

(ক) কেবল উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী গুদামজাতকরণ অথবা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;

(খ) কেবল সংরক্ষণ বা প্রদর্শনের উদ্দেশ্যে উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সংরক্ষণ;

(গ) উদ্যোগটির মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী অন্য উদ্যোগ কর্তৃক কেবল প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;

(ঘ) উদ্যোগের জন্য কেবল দ্রব্য বা পণ্যসামগ্রী ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্তে ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ;

(ঙ) উদ্যোগের জন্য বিজ্ঞাপন কার্যক্রম পরিচালনা অথবা তথ্য সরবরাহ, বৈজ্ঞানিক গবেষণা পরিচালনা বা একই ধরনের প্রস্তুতিমূলক কার্যক্রম অথবা সহায়ক কার্যক্রমের জন্য নির্দিষ্ট স্থান সংরক্ষণ।

৫। স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট যাহার উপর দফা ৭ এর বিধান প্রযোজ্য এইরূপ ব্যক্তি ব্যতীত কোন ব্যক্তি যখন চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের পক্ষে কাজ করেন তখন উক্ত উদ্যোগ প্রথমোক্ত রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তি :

(ক) উক্ত উদ্যোগের পক্ষে প্রথমোক্ত রাষ্ট্রে চুক্তি সম্পাদন করার সাধারণ কর্তৃত্বপ্রাপ্ত হন এবং উক্ত কর্তৃত্ব সচরাচর প্রয়োগ করেন, যদি ঐ ব্যক্তির কার্যক্রম ঐ উদ্যোগের জন্য বা উহার পক্ষে দ্রব্য সামগ্রী খরিদ করার মধ্যে সীমিত থাকে; অথবা

(খ) প্রথমোক্ত রাষ্ট্রে সেই উদ্যোগ এর মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সচরাচর রক্ষণাবেক্ষণ করিয়া থাকেন যাহা হইতে তিনি উক্ত উদ্যোগের জন্য বা উহার পক্ষে দ্রব্য বা পণ্য সামগ্রী নিয়মিত সরবরাহ করিয়া থাকেন; অথবা

(গ) প্রথমোক্ত রাষ্ট্রে সেই উদ্যেগের পক্ষে সম্পূর্ণভাবে অথবা প্রায় সম্পূর্ণভাবে দ্রব্য ও পণ্যসামগ্রী বিক্রয়ের নিমিত্তে সচারাচর বিক্রয় আদেশ গ্রহণ করিয়া থাকেন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৬। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহাই বলা থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন বীমা উদ্যোগ যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন ব্যক্তির মাধ্যমে, অনুচ্ছেদ ৭ এর আওতাধীন স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট এর ব্যবসায়িক কার্যক্রম ব্যতিরেকে, পুনঃ বীমাকরণ প্রসংগ ব্যতীত কোন বীমা কিস্তি সংগ্রহ করিয়া থাকে অথবা ঝুঁকি বীমা সম্পাদন করিয়া থাকে তাহা হইলে উক্ত উদ্যোগ অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে।

৭। কোন উদ্যোগ যদি কোন চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে উহার কোন দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন মধ্যস্থতাকারীর মাধ্যমে কারবার পরিচালনা করে এবং যদি উক্ত ব্যক্তিগণ তাহাদের সাধারণ কারবার পরিচালনা কালে কার্যরত থাকেন, তবে কেবলমাত্র সেই কারণে উক্ত রাষ্ট্রে উক্ত উদ্যোগের কোন স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে না।

৮। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীকে নিয়ন্ত্রণ করিলে তদ্বারা নিয়ন্ত্রিত হইলেই অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী স্থাপনা বা ভিন্নরূপে উহার ব্যবসা পরিচালনা করিলেই উক্ত যে কোন কোম্পানী অপর কোম্পানীর স্থায়ী প্রতিষ্ঠান বলিয়া গণ্য হইবে না।

অনুচ্ছেদ ৬
স্থাবর সম্পত্তি হইতে আয়

১। চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি (কৃষি বা বনভূমি হইতে অর্জিত আয় অন্তর্ভুক্ত) হইতে প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে ''স্থাবর সম্পত্তি'' যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বহন করিবে। যে কোন ক্ষেত্রেই ''স্থাবর সম্পত্তি'' বলিতে স্থাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বৃক্ষরোপণে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলি প্রযোজ্য এইরূপ অধিকার, অন্যের স্থাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কাজের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনি, উৎসসমূহ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে। জাহাজ, নৌকা, উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানসমূহ স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া বা অন্য যে কোন উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। এই অনুচ্ছেদের দফা ১ ও ৩ এর বিধানসমূহ যে কোন উদ্যোগের স্থাবর সম্পত্তির আয় এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কর্মে ব্যবহৃত স্থাবর সম্পত্তির আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ৭

ব্যবসায়ে মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে। যদি উক্ত উদ্যোগ অপর রাষ্ট্রে উপরিইক্তভাবে ব্যবসা পরিচালনা করে, তাহা হইলে উক্ত উদ্যোগের মুনাফার উপর অপর রাষ্ট্রে যে পরিমাণ কর আরোপযোগ্য হয় সেই পরিমাণ কর আরোপ করা যাইবে।

২। এই অনুচ্ছেদের দফা ৩ এর বিধানাবলি সাপেক্ষে, যেইক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে, সেইক্ষেত্রে উহা যদি কোন স্বতন্ত্র ও পৃথক উদ্যোগ হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলি পরিচালনা করিত এবং উহা যে উদ্যোগের স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে ব্যবসা করিত তাহা হইলে যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া প্রত্যাশা করা যাইত, সেই পরিমাণ মুনাফা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হইবে।

৩। কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণের ক্ষেত্রে, অভ্যন্তরীণ আইনে অনুমোদনযোগ্য খরচ এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সে রাষ্ট্রে বা অন্য কোথায়ও ব্যয়িত খরচ কর্তন হিসাবে বাদ হইবে। যাহা হউক, এইরূপ কোন কর্তন করা যাইবে না, যদি স্থায়ী প্রতিষ্ঠান উদ্যেগের প্রধান কার্যালয় বা উহার অন্য কোন কার্যালয়কে, পেটেন্ট বা অন্যান্য অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অন্যান্য একইরূপ পরিশোধ (প্রকৃত খরচ ফেরৎ প্রেরণ ব্যতীত) করে অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন প্রদান করে অথবা ব্যাংকিং উদ্যোগের ক্ষেত্র ব্যতীত, অন্যান্য ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠানের গৃহীত ঋণের অর্থের বিপরীতে সুদ পরিশোধ করে। অনুরূপভাবে স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নিরূপণের ক্ষেত্রে, স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক প্রধান কার্যালয় বা উহার অন্য কোন কার্যালয়কে, পেটেন্ট বা অন্যান্য অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অন্যান্য একইরূপ ধরনের চার্জ অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন চার্জ অথবা ব্যাংকিং উদ্যোগের ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে প্রধান কার্যালয় বা ইহার অন্য কোন কার্যালয় কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে সুদ প্রদান করা হইলে তাহা আয় হিসাবে বিবেচিত হইবে না।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের প্রথানুযায়ী কোন স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা উহার বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বণ্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে দফা ২ এবং কোন কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বণ্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবে না; তবে এইরূপ গৃহীত বণ্টন রীতি এমন হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

৫। কোন স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উহার উদ্যোগের জন্য দ্রব্য সামগ্রী অথবা পণ্য সামগ্রী ক্রয় করা হইলে, কেবল এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর কোন মুনাফা আরোপিত হইবে না।

Md Sajid Hossain Shimanto, smartaccountantbd.com

৬। পূর্ববর্তী দফাসমূহের উদ্দেশ্য পূরণকল্পে, স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা প্রতিবৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে, যদি উহার বিপরীতে সঠিক ও পর্যাপ্ত কারণ না থাকে।

৭। যেইক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহা সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি দ্বারা ঐ সকল অনুচ্ছেদের বিধানাবলি ক্ষুণ্ন হইবে না।

অনুচ্ছেদ ৮
জাহাজ ও বিমান পরিবহণ

১। আন্তর্জাতিক পরিবহণ ক্ষেত্রে চুক্তিভুক্ত এক রাষ্ট্রের কোন উদ্যোগের জাহাজ পরিচালনা বাবদ চুক্তি সম্পদানকারী অপর রাষ্ট্রে অর্জিত মুনাফা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু উক্ত মুনাফার উপর চুক্তি সম্পাদানকারী অপর রাষ্ট্রে আরোপযোগ্য করের ৫০ শতাংশ হারে হ্রাস পাইবে।

২। আন্তর্জাতিক পরিবহণ ক্ষেত্রে চুক্তিভুক্ত কোন রাষ্ট্রের উদ্যোগের বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবলমাত্র সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

৩। দফা ১ এবং ২ এর বিধানাবলি কোন পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফার উপরও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৯
সহযোগী প্রতিষ্ঠান

১। যেইক্ষেত্রে :

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধনে যুগপৎভাবে অংশগ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি ২টি উদ্যোগের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বতন্ত্র উদ্যোগ হিসাবে কাজ করিলে একইরূপ হইত না সেই ক্ষেত্রে কোন একটি উদ্যোগের যদি ঐ শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত তাহা হইলে ঐ মুনাফাকে ঐ উদ্যোগের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই অনুযায়ী করারোপণ করা যাইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা অন্তর্ভুক্ত করে এবং সেই অনুযায়ী কর আরোপ করে এবং ঐ মুনাফার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কোন উদ্যোগকে অপর রাষ্ট্রে করারোপণ করিয়া থাকে তাহা হইলে যে মুনাফা অন্তর্ভুক্ত করা হইয়াছে ঐ মুনাফা যদি এইরূপ মুনাফা হয় যাহা প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের উদ্যোগের মুনাফা হইত যদি উদ্যোগ ২টির মধ্যে আরোপিত শর্তসমূহ এইরূপ হইত যাহা ২টি স্বতন্ত্র উদ্যোগের মধ্যে সম্পাদনযোগ্য, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র ঐ মুনাফার বিপরীতে যে পরিমাণ কর আরোপণ করিয়াছে তাহা যথাযথ সমন্বয় সাধন করিবে। এইরূপ সমন্বয় সাধনের ক্ষেত্রে, এই চুক্তির অন্যান্য বিধানসমূহের দিকে লক্ষ্য রাখিতে হইবে এবং চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ প্রয়োজনে পারস্পরিক আলোচনা করিবে।

অনুচ্ছেদ ১০
লভ্যাংশ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ করা যাইবে।

২। যাহা হউক, এইরূপ লভ্যাংশের উপর কর যে কোম্পানী লভ্যাংশ প্রদান করিতেছে সেই কোম্পানী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রেও উহার আইনানুযায়ী আরোপ করা যাইতে পারে, তবে গ্রহীতা যদি লভ্যাংশের সুবিধাভোগের মালিক হন, তাহা হইলে আরোপিত ঐ করের পরিমাণ অতিক্রম করিবে না :

(ক) মোট লভ্যাংশের ১০ শতাংশ যদি সুবিধাভোগের মালিক একটি কোম্পানী হয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানীর মূলধনের কমপক্ষে ১০ শতাংশ সরাসরি ধারণ করে;

(খ) অন্যান্য সকল ক্ষেত্রে মোট লভ্যাংশের ১৫ শতাংশ;

এই দফার কোন কিছুই ঐ কোম্পানির মুনাফার উপর, যাহা হইতে লভ্যাংশ প্রদান করা হয়, কর আরোপণের ক্ষেত্রে কোন প্রভাব ফেলিবে না।

৩। এই অনুচ্ছেদে ব্যবহৃত ''লভ্যাংশ'' বলিতে শেয়ার হইতে আয় অথবা ঋণের দাবি ব্যতীত অন্যান্য অধিকার, মুনাফায় অংশগ্রহণ, অন্যান্য কর্পোরেট অধিকার হইতে আয়, ইহা ছাড়া অন্যান্য আয় যা বিতরণকারী কোম্পানি চুক্তিসম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সে রাষ্ট্রের আইনানুসারে শেয়ার আয়ের উপর যেইরূপ করারোপণ করা হয় একই রকম করারোপণযোগ্য সে আয়কে বুঝাইবে।

৪। লভ্যাংশের সুবিধাভোগের অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে লভ্যাংশ প্রদানকারী কোম্পানীটি নিবাসী, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী ঘাঁটির মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং এর বদৌলতে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় তাহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাঁটির সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের দফা ১ এবং ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলি বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন মুনাফা বা আয় লাভ করিলে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোন কর আরোপ নাও করিতে পারেন, তবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে কিংবা যে হোল্ডিং এর ব্যাপারে লভ্যাংশ প্রদান করা হয় সেই হোল্ডিং উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাঁটির সংগে কার্যকরীভাবে সম্পর্কিত থাকার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, যদিও প্রদত্ত লভ্যাংশ বা অবণ্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত হইয়া থাকে তবু কোম্পানীর উক্ত অবণ্টনকৃত মুনাফার উপর কোন কর আরোপ করা হইবে না।

অনুচ্ছেদ ১১
সুদ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উহার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপণ করা যাইতে পারে।

২। যাহা হউক, এইরূপ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইনানুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু গ্রহীতা যদি উক্ত সুদের সুবিধাভোগের অধিকারী হন তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না। তবে শর্ত থাকে যে, সুদ যদি কোন ব্যাংককে পরিশোধ করা হয় যে নিশ্চিতভাবেই ব্যাংকিং ব্যবসা করে, যে অপর রাষ্ট্রের নিবাসী ও সুদের সুবিধাভোগের অধিকারী, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। দফা ২ এ যাহাই বলা হউক না কেন, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে উদ্ভূত সুদ অপর রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ, কেন্দ্রীয় ব্যাংক অথবা সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকনাধীন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত হইলে উক্ত সুদ প্রথম রাষ্ট্রে করমুক্ত থাকিবে।

৪। দফা ৩ এর উদ্দেশ্যে পূরণকল্পে "কেন্দ্রীয় ব্যাংক" ও "সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকনাধীন আর্থিক প্রতিষ্ঠান" বলতে বুঝাইবে :

(ক) নেপালের ক্ষেত্রে :

(১) নেপাল রাষ্ট্রীয় ব্যাংক (নেপালের কেন্দ্রীয় ব্যাংক);

(২) সেই রূপ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান যাহার সম্পূর্ণ পুঁজির মালিক নেপাল সরকার;

(খ) বাংলাদেশের ক্ষেত্রে :

(১) বাংলাদেশ ব্যাংক (বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক);

(২) রাষ্ট্রায়াত্ত ব্যাংকসমূহ এবং সেই রূপ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ যাহার সম্পূর্ণ মালিক বাংলাদেশ সরকার।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৫। এই অনুচ্ছেদে বর্ণিত "সুদ" বলিতে বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এরূপ সকল প্রকার ঋণ দাবি হইতে অর্জিত আয়, এবং বিশেষ করিয়া সরকারি সিকিউরিটিজ, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে অর্জিত আয়কে বুঝাইবে। এই অনুচ্ছেদের বিষয়াবলীতে সুদ বলিতে পরিশোধে বিলম্ব হওয়ার কারণে আরোপিত জরিমানা অন্তর্ভুক্ত হইবে না।

৬। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না যদি সুদের সুবিধাভোগের অধিকারী, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে সুদ উদ্ভূত হইয়াছে, সেখানে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন , অথবা তথায় অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে ঋণ দাবীর কারণে সুদ প্রদত্ত হইয়াছে তাহা যদি কার্যকরীভাবে এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী কেন্দ্র সংশ্লিষ্ট হয়। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৭। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে সুদ হইতে আয় তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন পরিশোধকারী ঐ রাষ্ট্রের একজন নিবাসী। যাহাই হউক, যেক্ষেত্রে সুদ প্রদানকারী ব্যক্তির, তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে যাহা ঋণ-দায়ের বিপরীতে উক্ত সুদ পরিশোধ করা হইয়াছে তাহা সৃষ্টি হওয়ার সংগে জড়িত এবং উক্ত সুদ অনুরূপ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করে, সেক্ষেত্রে উক্ত সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাঁটি অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৮। যেইক্ষেত্রে, সুদ পরিশোধকারী ও সুদ লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ দাবী বাবদ সুদ প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদ পরিশোধকারী ও সুদ লাভের অধিকারী যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশটুকু চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১২
রয়্যালটি এবং কারিগরি সেবার জন্য ফি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অর্জিত রয়্যালটি এবং কারিগরি সেবার ফি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উক্ত রয়্যালটি এবং কারিগরি সেবার ফি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যাহা হউক, চুক্তি সম্পাদনকারী যেই রাষ্ট্র উক্ত রয়্যালটি বা কারিগরি সেবার ফি উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহা সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে। কিন্তু উক্ত রয়্যালটি বা কারিগরি সেবার ফির সুবিধাভোগের অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন তাহা হইলে

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

এইরূপে ধার্যকৃত কর রয়্যালটি বা কারিগরি সেবার ফির মোট পরিমাণের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে ব্যবহৃত ''রয়্যালটি'' এর অর্থ কোন সাহিত্য, শৈল্পিক বা বৈজ্ঞানিক গ্রন্থস্বত্ব, সিনেম্যাটোগ্রাফ ফিল্ম, বেতার ও টেলিভিশন প্রচারকার্যে ব্যবহৃত ফিল্ম বা টেপসহ, অথবা কোন পেটেন্ট ট্রেড মার্ক, নকশা, মডেল, পরিকল্পনা, গোপন ফর্মূলা বা প্রক্রিয়া অথবা শিল্প বাণিজ্য সম্পর্কিত বা বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরঞ্জাম ব্যবহার অথবা শিল্প বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদির ব্যবহারের বিনিময়ে প্রাপ্ত যে কোন প্রকার অর্থাদি।

৪। এই অনুচ্ছেদে ব্যবহৃত "কারিগরি সেবার ফি" এর অর্থ কোন নিবাসী কর্তৃক চুক্তিবদ্ধ অপর রাষ্ট্রে কোন ম্যানাজারিয়াল, টেকনিক্যাল, কনসালটেনসি সেবা প্রদান বাবদ কোন প্রাপ্তি যাহার সাথে আর্টিকেল-৫ এর দফা-৩ এবং আর্টিকেল-১৪ বা আর্টিকেল-১৫ অন্তর্ভূক্ত হইবে না।

৫। রয়্যালটির বা কারিগরি সেবার ফি সুবিধা লাভের অধিকারী চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হিসাবে চুক্তি সম্পাদনকারী অন্য যেই রাষ্ট্রে রয়্যালটির বা কারিগরি সেবার ফি উদ্ভব হইয়াছে সেই রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করিলে অথবা কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি অপর রাষ্ট্রে পরিচালনা করিলে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি বা কারিগরি সেবার ফি প্রদান করা হয় তাহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হইলে দফা ১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ বা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী, ক্ষেত্রমতে, প্রযোজ্য হইবে।

৬। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে রয়্যালটি এবং কারিগরি সেবার ফি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন রয়্যালটির পরিশোধকারী ঐ রাষ্ট্রের নিবাসী হন। তবে রয়্যালটি এবং কারিগরি সেবার ফি পরিশোধকারী ব্যক্তি চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে যদি তাহার কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে এবং যাহার ব্যাপারে রয়্যালটি এবং কারিগরি সেবার ফি প্রদানের বাধ্যবাধকতা উদ্ভূত হইয়াছে এবং রয়্যালটি এবং কারিগরি সেবার ফি ঐ প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রকে বহন করিতে হয়, তাহা হইলে উক্ত রয়্যালটি এবং কারিগরি সেবার ফি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত।

৭। রয়্যালটি বা কারিগরি সেবার ফি প্রদানকারী ও রয়্যালটি বা কারিগরি সেবার ফির সুবিধা লাভের অধিকারী অথবা তাহাদের উভয় ও অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি বা কারিগরি সেবার ফি প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির বা কারিগরি সেবার ফির পরিমাণ, ঐরূপ সম্পর্কের অবর্তমানে উহা প্রদানকারী ও উহার সুবিধা লাভের অধিকারীর সম্মতিক্রমে স্থিরকৃত পরিমাণ অপেক্ষা অধিক হইলে, এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি লক্ষ্য রাখিয়া চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্বীয় আইন অনুযায়ী প্রদত্ত অর্থের অতিরিক্ত অর্থের উপর কর আরোপ করা হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ১৩
মূলধনী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ বর্ণিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ভূত মুনাফা অথবা প্রধানত স্থাবর সম্পদ দ্বারা গঠিত কোম্পানির শেয়ার হস্তান্তর হইতে উদ্ভূত মুনাফা এর উপর কর চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে আরোপ করা যাইতে পারে যেই রাষ্ট্রে উক্ত সম্পদ অবস্থিত।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা সম্পত্তির অংশ-বিশেষ বলিয়া গণ্য এমন কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসীর মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা, এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান (এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে) হস্তান্তরের মাধ্যমে অথবা উক্ত নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

৩। কোন নিবাসী কর্তৃক আন্তর্জাতিক পরিবহণে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহণের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে অর্জিত মুনাফা, উদ্যোগটি যেই রাষ্ট্রে নিবাসী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৪। দফা ১, ২ ও ৩ এ উল্লিখিত সম্পত্তি ব্যতীত, অন্য কোন সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধনী মুনাফা হস্তান্তরকারী যেই রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৪
স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর পেশাগত কর্ম বা অনুরূপ প্রকৃতির অন্যবিধ স্বতন্ত্র কার্যাবলী বাবদ অর্জিত আয় কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে অনুরূপ আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে যদি:

(ক) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ব্যক্তির কার্যসম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোন নির্দিষ্ট কেন্দ্র থাকে, সেই ক্ষেত্রে আয়ের যতটুকু অংশ ঐ কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত ততটুকু অপর রাষ্ট্রে করযোগ্য হইবে; অথবা

(খ) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে যেকোন ১২ মাস সময় ব্যপ্তিতে তাহার অবস্থান ১৮৩ বা ততোধিক দিন হয়; সেই ক্ষেত্রে আয়ের চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রমের সংগে জড়িত অংশটুকুই চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। "পেশাগত কার্যাদি" বলিতে বিশেষভাবে বিজ্ঞান, সাহিত্য ধর্মী, শিল্প বিষয়ক, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি বুঝাইবে এবং চিকিৎসক, শল্য চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্ত চিকিৎসক ও হিসাবরক্ষকের স্বতন্ত্র কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে।

অনুচ্ছেদ ১৫
নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

১। ১৬, ১৮, ১৯ এবং ২০ অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক সম্পাদিত কর্ম বাবদ প্রাপ্ত বেতন, মজুরী ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত কর্ম অপর রাষ্ট্রে সম্পাদিত না হয়। যদি কর্ম চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয় তাহা হইলে উহা হইতে অর্জিত পারিশ্রমিক এর উপর কর উক্ত অপর রাষ্ট্রেই আরোপ করা যাইবে।

২। দফা ১ এর বিধানাবলী সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কর্মবাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি :

(ক) প্রাপক চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে ১২ মাস সময়াবর্তে অনধিক সর্বমোট ১৮৩ (একশত তিরাশি) দিনের মেয়াদ বা মেয়াদসমূহের জন্য অবস্থান করিয়া থাকেন;

(খ) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং

(গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন না হইয়া থাকে।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী দফাসমূহে যাহাই থাকুক না কেন, চুক্তিবদ্ধ কোন রাষ্ট্রের উদ্যোগ কর্তৃক আন্তর্জাতিক গমনাগমনে পরিচালিত কোন জাহাজ বা বিমানে চাকুরি হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৬
পরিচালকগণের ফিস

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক তাহার যোগ্যতায় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানির পরিচালকমন্ডলীর সদস্য পদে আসীন হইতে অর্জিত পরিচালকের ফিস বা অনুরূপ কোন প্রাপ্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ১৭
শিল্পী ও ক্রীড়াবিদ

১। অনুচ্ছেদ ১৪ ও ১৫ এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী নাট্য, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী কিংবা সুরকারের ন্যায় চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত ব্যক্তিগত কার্যাবলী ও ক্রীড়াকলাপ প্রদর্শনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। যেইক্ষেত্রে কোন চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত ক্রীড়া নৈপুণ্য প্রদর্শনের বিনিময়ে লব্ধ আয় তাহার নিজের কাছে জমা না হইয়া অন্য কোন ব্যক্তির নিকট জমা হয়, সে ক্ষেত্রে উক্ত আয়, অনুচ্ছেদ ৭, ১৪ ও ১৫ এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্র চিত্তবিনোদনকারী কিংবা খেলোয়াড়ের অনুরূপ ক্রীড়া নৈপুণ্য প্রদর্শিত হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এ যাহাই থাকুক না কেন, কোন আনুষ্ঠানিক সাংস্কৃতিক বিনিময়চুক্তি বা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তির অধীনে দফা ১ এ বর্ণিত কর্মকান্ড হইতে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে যদি উক্ত সফরের সম্পূর্ণ খরচ বা উল্লেখযোগ্য অংশ চুক্তিবদ্ধ যেকোন রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ বা সরকারি প্রতিষ্ঠান বহন করে থাকে।

অনুচ্ছেদ ১৮
অবসর ভাতা

১। অনুচ্ছেদ ১৯ এর দফা ২ এর বিধানাবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত পেনশন এবং চাকুরী শেষে অতীত চাকুরী বিবেচনায় প্রদত্ত অনুরূপ অন্যান্য ভাতাদি কেবল চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এ বর্ণিত বিধানাবলী সত্ত্বেও চুক্তিবদ্ধ এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক অর্জিত অবসর ভাতা ও অনুরূপ ভাতা অন্য রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে যদি উক্ত ভাতা অন্য রাষ্ট্রের কোন উদ্যোগ বা তথায় অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত হয়।

অনুচ্ছেদ ১৯
সরকারী চাকুরী

১। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা ঐ রাষ্ট্রের স্থানীয় কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্র বা স্থানীয় কর্তৃপক্ষকে সেবা প্রদানের বিনিময়ে কোন ব্যক্তিকে অবসর ভাতা ব্যতীত কোন সম্মানী প্রদান করিলে তাহা কেবলমাত্র ঐ রাষ্ট্রেই করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) যাহা হউক, এইরূপ সম্মানী কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকুরী উক্ত অপর রাষ্ট্রে হয় এবং উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন যিনি:

(১) ঐ রাষ্ট্রের নাগরিক; অথবা

(২) শুধুমাত্র চাকুরীর কারণে ঐ রাষ্ট্রের নিবাসী হইতে পারেননি।

২। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র অথবা উহার স্থানীয় কর্তৃপক্ষে চাকুরীর কারণে উক্ত রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা তৈরী তহবিল হইতে পরিশোধিত অবসর ভাতা চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ অবসর ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।

৩। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন উদ্যোগে কার্য সম্পাদনের জন্য প্রদত্ত সম্মানী এবং অবসর ভাতা এর ক্ষেত্রে অনুচ্ছেদ ১৫, ১৬, ১৭ এবং ১৮ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২০
শিক্ষক এবং গবেষক

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমনের অব্যাবহিত পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী ছিলেন বা আছেন এইরূপ অধ্যাপক, শিক্ষক বা গবেষক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, বিদ্যালয়, অথবা সমজাতীয় স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আমন্ত্রিত হয়ে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অনধিক ২ বৎসর কেবলমাত্র শিক্ষকতা বা গবেষণা বা উভয় কাজে নিয়োজিত থাকেন, তবে এইরূপ ব্যক্তিকে প্রদত্ত সম্মানী উক্ত অপর রাষ্ট্রে করমুক্ত হইবে।

অনুচ্ছেদ ২১
ছাত্র

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী আছেন বা ছিলেন এইরূপ কোন ছাত্র বা শিক্ষানবিস যিনি প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে শুধুমাত্র তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত আছেন, তিনি অনুদান, ঋণ, বৃত্তি এবং উক্ত রাষ্ট্রের বহির্ভূত কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ ছাড়াও তাহার আবাসন খরচ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোন অর্থ প্রাপ্ত হইলে এবং তাহার অধ্যায়নের সাথে সংশ্লিষ্ট কোন কর্ম হতে পারিশ্রমিক প্রাপ্ত হইলে সেই অর্থের উপর প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না।

২। দফা ১ এ বর্ণিত কর্মের বিনিময়ে প্রাপ্ত পারিশ্রমিকের করমুক্ত সীমা বার্ষিক ২,০০০ (দুই হাজার) ইউএস ডলার এর বেশি হইবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। শিক্ষা বা প্রশিক্ষণ শেষ করতে সচরাচর যে সময় প্রয়োজন হয়, এই অনুচ্ছেদে প্রদত্ত সুবিধাসমূহ সেই সময় পর্যন্ত বলবৎ থাকিবে, তবে প্রথম আগমনের তারিখ হইতে কোন ক্রমেই তাহা ৬ (ছয়) বৎসরের অধিক হইবে না।

অনুচ্ছেদ ২২
অন্যান্য আয়

১। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ কোন আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই তাহা যেখানেই উদ্ভূত হউক না কেন, কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

